



ট্রান্সপারেন্সি
ইন্টারন্যাশনাল
বাংলাদেশ
দুর্নীতিবিরোধী সামাজিক আন্দোলন

দুর্নীতিবিরোধী কার্টুন প্রতিযোগিতা ২০২২

ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশ (টিআইবি) এর বাৎসরিক দুর্নীতিবিরোধী কার্টুন প্রতিযোগিতা ২০২২- এ অংশগ্রহণে আগ্রহী সকল তরুণদের কাছ থেকে মৌলিক ও সৃজনশীল কার্টুন আহ্বান করা যাচ্ছে।

বিষয়: 'দুর্নীতি ও সুশাসন'

বিভাগ: { 'ক' (১৩ - ১৮ বছর)
'খ' (১৯ - ২৫ বছর)

৯ ডিসেম্বর আন্তর্জাতিক দুর্নীতিবিরোধী দিবস ২০২২ উদযাপনের অংশ হিসেবে প্রতিযোগিতায় বিজয়ী প্রথম তিনজনকে ক্রেস্ট ও সনদসহ যথাক্রমে ৭৫ হাজার, ৫০ হাজার ও ৪০ হাজার টাকার চেক পুরস্কার হিসেবে প্রদান করা হবে।

অংশগ্রহণের নিয়মাবলী:

- প্রতিযোগিতায় প্রেরিত কার্টুনে প্রতিযোগীর দৃষ্টিতে গণতন্ত্র, সুশাসন ও জবাবদিহিমূলক শাসনব্যবস্থার ওপর দুর্নীতির নেতিবাচক প্রভাবসহ দুর্নীতির চিত্র ও প্রতিরোধে করণীয় বিষয়ের প্রতিফলন থাকতে হবে;
- কার্টুনটি ১২x১৬ অথবা ১২x১৮ ইঞ্চি আকারের ল্যাডস্কেপ/পোর্ট্রেইট দুইভাবে আঁকা যাবে। নির্দিষ্ট মাপের বাইরে আঁকা কার্টুন প্রতিযোগিতার জন্য বিবেচিত হবে না;
- যেকোনো মাধ্যমে (কালি-কলম, জল রং, পোস্টার কালার, পেস্টাল বা ক্রেয়ন কালারে) আঁকা কার্টুন জমা দেওয়া যাবে এবং সীমিত ক্যাপশন ব্যবহার করা যাবে। কম্পিউটারে আঁকা কার্টুন গ্রহণযোগ্য নয়;
- একজন প্রতিযোগী ভাঁজহীন অবস্থায় একাধিক কার্টুন পাঠাতে পারবেন। খামের উপরে 'দুর্নীতিবিরোধী কার্টুন প্রতিযোগিতা ২০২২' ও 'বিভাগ' উল্লেখ করতে হবে;
- কার্টুনের অপর পাশে পেঙ্গিলে স্পষ্টাক্ষরে সার্টিফিকেট অনুযায়ী বাংলা ও ইংরেজিতে প্রতিযোগীর নাম এবং বয়স লিখতে হবে;
- প্রতিযোগীর এক কপি ছবি (পাসপোর্ট সাইজ), বয়সের প্রত্যয়নপত্র (স্কুল কর্তৃপক্ষ প্রদত্ত/জাতীয় পরিচয়পত্র/মাধ্যমিক বা উচ্চ-মাধ্যমিক পরীক্ষার সনদ/পাসপোর্ট), যোগাযোগের পূর্ণ ঠিকানা ও ফোন নম্বর পাঠাতে হবে;
- কার্টুন অবশ্যই মৌলিক হতে হবে। কার্টুনটি অন্য কোনো প্রতিযোগিতায় জমা দেওয়া হয়নি এবং অন্য কোনো কার্টুনের অনুলকরণ বা অন্যকে দিয়ে আঁকানো হয়নি- মর্মে প্রত্যেক কার্টুনিস্টকে একটি অঙ্গীকারনামা সংযুক্ত করতে হবে। পরবর্তী সময়ে অঙ্গীকারনামা অসত্য প্রমাণিত হলে পুরস্কার ও মনোনয়ন বাতিল করা হবে এবং পুরস্কার হিসেবে প্রাপ্ত অর্থ, ক্রেস্ট ও সনদ ফেরত দিতে হবে;
- প্রতিযোগিতায় টিআইবির মনোনীত বিচারকমণ্ডলীর সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে;
- প্রতিযোগিতায় জমা দেওয়া সকল কার্টুনের স্বত্ব টিআইবির। টিআইবি এগুলোর সংরক্ষণ, প্রচার ও ব্যবহার করতে পারবে;
- টিআইবির কর্মকর্তা ও তাদের নিকটাত্মীয় এই প্রতিযোগিতায় অংশগ্রহণ করতে পারবেন না।

কার্টুন জমা দেওয়ার শেষ তারিখ: ২০ অক্টোবর ২০২২

ফোন: ৪৮৯৯৩০৩২, ৪৮৯৯৩০৩৩, ৪৮৯৯৩০৩৬

ই-মেইল: advocacy@ti-bangladesh.org

ওয়েবসাইট: www.ti-bangladesh.org

ফেসবুক: www.ti-bangladesh.org/TIBangladesh

জমা দেওয়ার ঠিকানা:

দুর্নীতিবিরোধী কার্টুন প্রতিযোগিতা ২০২২

আউটরিচ অ্যান্ড কমিউনিকেশন

ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশ

মাইডাস সেন্টার (লেভেল ৪ ও ৫)

বাড়ি- ৫, সড়ক- ১৬ (নতুন), ২৭ (পুরাতন), ধানমন্ডি, ঢাকা- ১২০৯